

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৭৯৬

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كِتَابُ الْفَضَائِلِ وَالشَّمَائِلِ)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর নামসমূহ ও গুণাবলি

الْفَصْلُ الثَّنْفُ (بَابِ أَسْمَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِفَاتِهِ)

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: كَانَ فِي سَاقِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حُمُوشَةٌ
وَكَانَ لَا يَضْحَكُ إِلَّا تَبَسُّمًا وَكُنْتُ إِذَا نَظَرْتُ إِلَيْهِ قُلْتُ: أَكْحَلُ الْعَيْنَيْنِ وَلَيْسَ بِأَكْحَلٍ.
رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده ضعيف ، رواه الترمذی (3645) وقال : حسن صحيح غريب) * حجاج بن
ارطاة ضعيف مدلس و عنعن و للحديث شواهد غير قوله : ” حموشة “ -
(ضعيف)

বাংলা

৫৭৯৬-[২১] জাবির ইবনু সামুরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) -এর পায়ের উভয় গোড়ালি
হালকা-পাতলা। তিনি (সা.) মৃদু হাসি ছাড়া হাসতেন না। আর আমি যখনই তাঁর দিকে তাকাতাম, তখন আমি
মনে মনে বলতাম, তিনি (সা.) চোখে সুরমা লাগিয়েছেন। অথচ তখন তিনি (সা.) সুরমা ব্যবহার করেননি।
(তিরমিযী)

ফুটনোট

যঈফ: তিরমিযী ৩৬৪৫, যঈফুল জামি ৪৪৭৪, হাজ্জাজ ইবনু আরত্বাত মুদাল্লিস, আর সে ‘আন দ্বারা হাদীস বর্ণনা।
করেছে; মুসান্নাফ ইবনু আবি শায়বাহ ২৬৬৭৫, আবু ইয়া'লা ৭৪৫৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৯৯২,
আল মুসতাদরাক লিল হাকিম ৪১৯৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাসি তিন প্রকার। এর ভিতর মৃদু হাসি বা মুচকি হাসি উত্তম। সুনান তিরমিযীতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ (সা.) মুচকি হাসি ব্যতীত হাসতেন না। এ মর্মে কুরআনে বর্ণিত হয়েছে, (فَتَبَسَّ ضَاحِكًا مِّن قَوْلِهَا) “অতঃপর তার কথা শুনে মুচকি হাসি হাসলেন”- (সূরাহ আন্ নামল ২৭: ১৯)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85772>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন